

দেশে শিক্ষার মান আশানুরূপ নয় ॥ ইউএসটিসি সমাবর্তনে রাষ্ট্রপতি

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ দেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহের ব্যবস্থাপনা স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তুলেছেন রাষ্ট্রপতি অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী। তিনি বলেছেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বা উদ্যোক্তারা কোন কোন ক্ষেত্রে ব্যবসায়ী শাসনসূত্রে

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

দেশে শিক্ষার মান

(১২-এর পাতার পর)

মন নিয়ে বিশ্ববিদ্যালয়গুলো পরিচালনা করছেন। এমনকি এগুলোর আয়-ব্যয় সম্পর্কিত স্বচ্ছতা নিয়েও প্রশ্ন আছে। অভিযোগ আছে দুর্নীতির। এ ছাড়া অনেক বিশ্ববিদ্যালয়ে অন্তর্দন্দু, কলহ-বিবাদের কথা প্রায়শ শোনা যায়। এগুলো স্বাস্থ্যকর পরিবেশের সহায়ক নয়। রাষ্ট্রপতি বুধবার দুপুরে চট্টগ্রামস্থ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ইউএসটিসি) দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

নগরীর পাহাড়তলী ফয়স লেকস্থ ইউএসটিসি ক্যাম্পাসে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএসটিসির প্রতিষ্ঠাতা উপাচার্য, জাতীয় অধ্যাপক ডা. নুরুল ইসলাম। ইউএসটিসির উপ-উপাচার্য ডা. শাহাদাত হোসেন এ সময় উপস্থিত ছিলেন। সমাবর্তন বক্তব্য রাখেন পাকিস্তানের রাষ্ট্রপতির বিজ্ঞান উপদেষ্টা, এশিয়ার বিজ্ঞান একাডেমীর চেয়ারম্যান প্রফেসর এমএস ইলিয়াছ ধামী।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি তাঁর বক্তব্যে বলেন, দেশে বর্তমান শিক্ষার মান আশানুরূপ নয়। ছাত্র সংখ্যার তুলনায় শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কম। তাছাড়া অনেক শিক্ষা প্রতিষ্ঠানে নকল প্রবণতা আমাদের বেদনার কারণ হয়ে দাঁড়াচ্ছে। তিনি আরও বলেন, গ্রামাঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রের অবকাঠামো আছে, অসংখ্য রোগী আছে কিন্তু যথেষ্ট চিকিৎসক নেই। এ অবস্থার অবসান ঘটাতে হবে। মানুষের দোরগোড়ায় চিকিৎসা সেবা পৌঁছে দিতে হবে। তিনি এইচআইভি ও এইডসের ভয়াবহ ছোবল ধেয়ে আসছে উল্লেখ করে বলেন, এই ছোবল থেকে দেশকে রক্ষা করতে হবে। তিনি ইউএসটিসির পড়ালেখার বিদ্যমান পরিবেশের প্রশংসা করেন।

এর আগে রাষ্ট্রপতি সমাবর্তন বক্তা এবং ছয় বিশিষ্ট শিক্ষাবিদে হাতে ম্যান অব এচিভমেন্ট গ্র্যাণ্ডয়ার্ড তুলে দেন। রাষ্ট্রপতিকে সম্মাননা দেন ইউএসটিসি উপাচার্য।